

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

স্মারক নং-ধবিম/হ:শা:/৪-১৯/২০১৩-১২৭৮

তারিখ: ০৪ কার্তিক ১৪২৯
২০ অক্টোবর ২০২২

বিষয়: **শুনানীতে অংশগ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সুলতান ট্রাভেলস এন্ড ট্যুরস (হজ লাইসেন্স নং ১২৩৬) এর বিরুদ্ধে জনাব মো: ফকির আহমেদ এবং জনাব এড.মোঃ নূরুল আজহার কর্তৃক উত্থাপিত অভিযোগের বিষয়ে তদন্ত কমিটি-২ এর আহ্বায়ক জনাব মোহাম্মদ কুদ্দুস আলী সরকার, যুগ্মসচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এর সভাপতিত্বে আগামী ৩০/১০/২০২২খ্রি. তারিখ, রবিবার সকাল ৯.৩০ টায় ইসলামিক ফাউন্ডেশন, বায়তুল মোকাররম এর লাইব্রেরি ভবনের ৫ম তলায় শুনানী গ্রহণ করা হবে। শুনানীকালে তাঁকে লিখিত জবাব ও প্রয়োজনীয় প্রমানকসহ (যদি থাকে) উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

০২। উল্লিখিত তারিখ ও সময়ে শুনানীতে উপস্থিত হতে ব্যর্থ হলে ধরে নেয়া হবে যে, তিনি/তারা প্রতিষ্ঠানের বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে তিনি বা তারা কোন বক্তব্য প্রদান করতে ইচ্ছুক নন।

ক্র. নং	অভিযোগকারীর নাম	এজেন্সির নাম	অভিযোগের বিবরণ
১.	জনাব মো: ফকির আহমেদ	সুলতান ট্রাভেলস এন্ড ট্যুরস (হজ লাইসেন্স নং-১২৩৬)	"অভিযোগকারীর নিকট হতে ২০২০ সনে হজে নেওয়ার জন্য পর্যায়ক্রমে ৩,৯০,০০০/- টাকা গ্রহণ করেন। করোনা পরিস্থিতির কারণে ২০২০ সনে হজব্রত না হওয়ায় পরিশোধিত অর্থ ফেরত নিতে চাইলে দেখা যায় যে, হজ পালনের পূর্ব প্রস্তুতিমূলক কার্যক্রমসহ প্রাক-নিবন্ধনও করেননি। এজেন্সির নিকট জানতে চাইলে তিনি জানান, রিপ্লেসমেন্ট এর মাধ্যমে হজে পাঠাবেন। সর্বশেষ গত ০৪.০১.২০২২ খ্রি. তারিখে ১ লক্ষ টাকা পরিশোধ করেন। অবশিষ্ট ২,৯০,০০০/- টাকা ১০.০৬.২০২২ খ্রি. তারিখে পরিশোধ করার কথা থাকলেও প্রতিশ্রুতি মোতাবেক টাকা পরিশোধ করেননি। টাকা পরিশোধে বিভিন্ন প্রকার তালবাহানা করছেন"
২.	জনাব এড.মোঃ নূরুল আজহার	সুলতান ট্রাভেলস এন্ড ট্যুরস (হজ লাইসেন্স নং-১২৩৬)	"সুলতান ট্রাভেলস এন্ড ট্যুরস (হজ লাইসেন্স নং- ১২৩৬)-কে হজের রেজিস্ট্রেশনের জন্য ৫,৩০,০০০/- (পাঁচ লক্ষ ত্রিশ হাজার) টাকা প্রদান করা হয়। তার স্ত্রী একজন জাপানীজ। তিনি হাইকোর্টে কর্মরত আছেন। তার বেতনের সম্পূর্ণ টাকা তিনি ইমাম উদ্দিন (তুহিন)-কে প্রদান করেন। মৌখিক চুক্তির মাধ্যমে ২০২১ সালে তিনি ৪,৩০,০০০/- (চার লক্ষ ত্রিশ হাজার) টাকা প্রদান করেন। পরবর্তীতে আরও ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা দাবি করেন এবং তাকে সর্বমোট ৫,৩০,০০০/- (পাঁচ লক্ষ ত্রিশ হাজার) টাকা প্রদান করা হয়। মোট ৭ জনের হজে যাওয়ার কথা ছিল। ইমাম উদ্দিনের নিকট টাকা ফেরত চাইলে তিনি এখন টাকা ফেরত দিতে টালবাহানা করছেন। তাই জামানত হতে কতন করে তার টাকা আদায়ের ব্যবস্থা করার জন্য অনুরোধ"

এস.এম. মনিরুজ্জামান
সিনিয়র সহকারী সচিব

ফোন: ৫৫১০১১১৯
e-mail:morahajsection@gmail.com

জনাব ইমাম উদ্দিন
স্বস্তাধিকারী, সুলতান ট্রাভেলস এন্ড ট্যুরস (হজ লাইসেন্স নং ১২৩৬)
৭০, নয়পল্টন (৩য় তলা), ঢাকা-১০০০

স্মারক নং-ধবিম/হ:শা:/৪-১৯/২০১৩-১২৭৮

তারিখ: ০৪ কার্তিক ১৪২৯
২০ অক্টোবর ২০২২

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:

১. সিস্টেমস এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mora.gov.bd) প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
২. অতিরিক্ত সচিব (হজ) এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা {অতিরিক্ত সচিব (হজ) মহোদয়ের সদয় অবগতির জন্য}
৩. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ, ১২ কারওয়ান বাজার, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে (www.hajj.gov.bd) প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
৪. জনাব মো: ফকির আহমেদ, অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী, উত্তর পাড়া, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
৫. এড. মোঃ নূরুল আজহার, এ্যাডভোকেট এন্ড নোটারী পাবলিক, ৭৩, কাকরাইল, রুম নং-১১/৩, রমনা, ঢাকা।
৬. অফিস কপি

এস.এম. মনিরুজ্জামান
সিনিয়র সহকারী সচিব